



পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের সভাপতি মোসলেহ, সম্পাদক শামীমা



পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের সভাপতি মোসলেহ, সম্পাদক শামীমা। ছবি: সংগৃহীত

বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন-এর নতুন সভাপতি হিসেবে সিআইডির অতিরিক্ত আইজি মোসলেহ উদ্দিন আহমদ এবং সাধারণ সম্পাদক হিসেবে ঢাকা জেলার পুলিশ সুপার শামীমা পারভীন নির্বাচিত হয়েছেন। দুজনই কোনো প্রতিদ্বন্দ্বিতা ছাড়াই দায়িত্ব পেয়েছেন।

পুলিশ সপ্তাহ ২০২৬-এর চতুর্থ ও শেষ দিনে বুধবার (১৩ মে) বিকেলে রাজারবাগ পুলিশ লাইন্সে অবস্থিত পুলিশ অডিটোরিয়ামে এই নির্বাচন সম্পন্ন হয়। পুরো প্রক্রিয়াটি শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়।

নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদককে আগামী ১৫ দিনের মধ্যে সংগঠনের পূর্ণাঙ্গ কমিটি গঠন করতে হবে। এরপর সেই তালিকা বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এবং অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষকের কাছে জমা দেওয়া হবে।

নির্বাচন পরিচালনার দায়িত্বে ছিলেন অতিরিক্ত আইজি (প্রশাসন) এ কে এম আওলাদ হোসেন, যিনি প্রধান নির্বাচন কমিশনার হিসেবে পুরো প্রক্রিয়া তত্ত্বাবধান করেন। অনুষ্ঠানে অ্যাসোসিয়েশনের সদস্যরাও উপস্থিত ছিলেন।